গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

এবং

সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই, ২০১৭ – ৩০ জুন, ২০১৮

সূচিপত্র

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৩

উপক্রমণিকা..৪

সেকশন-১ ঃ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যেসমূহ এবং কার্যাবলি ৫

সেকশন-২ ঃ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)...............৬

সেকশন-৩ ঃ কৌশলগত উদ্দেশ্যে, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ.........................৭

সংযোজনী ১ঃ শব্দসংক্ষেপ (Acronyms) ১৪

সংযোজনী ২ঃ কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি......................১৫

সংযোজনী ৩ ঃ অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্হা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ.১৭

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Chittagong Port Authority)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ ঃ

চট্টগ্রাম বন্দর বাংলাদেশের প্রধান সমুদ্র বন্দর। এই বন্দরে বিগত তিন বছরে কার্গো ও কন্টেইনার হ্যান্ডলিং গড়ে যথাক্রমে ১৫.৪১% ও ১৫.৫৮% বৃদ্ধি পেয়েছে। গত ০৩ বছরে প্রায় ৩১.৫০ লক্ষ ঘনমিটার সংরক্ষণ ড্রেজিং করা হয়েছে। বন্দরে জাহাজ প্রবেশের অনুমোদিত দৈর্ঘ ১৮৬ মিঃ হতে ১৯০ মিঃ এবং অনুমোদিত ড্রাফট ৯.১৪ মিঃ হতে ৯.৫ মিটারে উন্নীত করার ফলে বড় জাহাজ আগমনের সুযোগ সৃষ্টি হয়েছে। বন্দরের সক্ষমতা বৃদ্ধির জন্য ৪ লক্ষ ৯০ হাজার বর্গমিটার ইয়ার্ড, কার শেড, কাস্টম অকশন শেড ও রিফার র‍্যাক সিস্টেম প্যানেল স্থাপন করা হয়েছে। এশীয় উন্নয়ন ব্যাংকের কারিগরী সহায়তায় চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের জন্য Strategic Master Plan প্রণয়ন করা হয়েছে। বন্দরের নিরাপত্তা ব্যবস্থা সুসংহত করার লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। গত তিন বছরে ৯৪ টি কন্টেইনার ও কার্গো হ্যান্ডলিং ইক্যুইপমেন্ট, টাগবোট, মুরিং লঞ্চ এবং জরীপ জাহাজসহ বিভিন্ন জরীপ যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ ঃ

দেশের ক্রমবর্ধমান আমদানী রপ্তানীকে সামাল দেয়ার লক্ষ্যে চট্টগ্রাম বন্দরের বর্ধিত কন্টেইনার হ্যান্ডলিং নিশ্চিত করার জন্য জেটি ও ইয়ার্ড নির্মাণ এবং দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি অন্যতম চ্যালেঞ্জ। প্রয়োজনীয় সকল ইক্যুইপমেন্ট সংগ্রহ করে নিউমুরিং কন্টেইনার টার্মিনাল পুর্ণাঙ্গভাবে চালু করা ও পানগাঁও আইসিটির পূর্ণ ব্যবহার নিশ্চিত করা এবং বন্দর সংরক্ষিত এলাকায় প্রতিদিন প্রায় ৫,০০০ ট্রাক ও সংশ্লিষ্ট ১০,০০০ লোক নিয়ন্ত্রণের মাধ্যমে সুষ্ঠুভাবে সিএফএস অপারেশন পরিচালনা করা ইত্যাদি বন্দরের অন্যতম চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনা ঃ

চট্টগ্রাম বন্দরের পরিকল্পনায় রয়েছে বন্দরে অধিক ড্রাফট ও দৈর্ঘের জাহাজ ভিড়ানোর জন্য হালিশহর এলাকায় বে-টার্মিনাল ও লালদিয়া বাল্ক টার্মিনাল নির্মাণ। এছাড়া, নিউমুরিং এলাকায় ৩৫ একর জায়গায় CFS শেডসহ ওভার ফ্লো ইয়ার্ড, কর্ণফুলী কন্টেইনার টার্মিনাল, পতেঙ্গা কন্টেইনার টার্মিনাল, সার্ভিস জেটি, সিপিএ টাওয়ার এবং পাওয়ার প্ল্যান্ট নির্মাণ বন্দরের পরিকল্পনায় অন্তর্ভূক্ত রয়েছে।

২০১৭-১৮ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- ২০১৭-১৮ অর্থ বছরে ২৪.০০ লক্ষ টিইইউএস কন্টেইনার ও ৭০০ লক্ষ মেঃটন কার্গো এবং ২৭০০ টি জাহাজ হ্যান্ডলিং করা ।
- প্রায় ৯.৫০ লক্ষ ঘনমিটার সংরক্ষণ ড্রেজিং সম্পন্ন করা ।
- ১টি টাগবোট ও ২টি কাটার সাকশন ড্রেজার সংগ্রহ করা ।
- বন্দরের নিরাপত্তা ব্যবস্থা আরো জোরদার করার লক্ষ্যে সিসিটিভির আওতা সম্প্রসারণ ।
- ৫০টি বিভিন্ন ধরণের কার্গো ও কন্টেইনার হ্যান্ডলিং ইক্যুইপমেন্ট সংগ্রহ করা ।
- প্রায় ৫০ হাজার বর্গমিটার ইয়ার্ড নির্মাণ করা ।

উপক্রমণিকা (Preamble)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নৌপরিবহন মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়

এবং

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের প্রতিনিধি হিসেবে চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এর মধ্যে ২০১৭ সালের জুন মাসের ১৫ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহ সম্মত হল ঃ

সেকশন-১ ঃ

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

দক্ষ, নিরাপদ ও পরিবেশ বান্ধব বন্দর ।

১.২ অভিলক্ষ্য (Mission)'

বন্দরের আধুনিকায়ন, চ্যানেলের নাব্যতা সংরক্ষন, দক্ষতার সাথে কার্গো ও কন্টেইনার হ্যান্ডলিং কার্যক্রম পরিচালনার মাধ্যমে জাহাজের গড় অবস্থানকাল হ্রাস এবং জেটি ও ইয়ার্ড সুবিধাদি সম্প্রসারনসহ নিরাপদ ও দক্ষ বন্দর ব্যবস্থাপণা নিশ্চিতকরণ এবং জাতীয় আমদানী-রপ্তানীতে সক্রিয় ভূমিকা পালন।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১.৩.১ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. চট্টগ্রাম বন্দরের টেকসই উন্নয়ন ও আধুনিকায়ন।

২. চট্টগ্রাম বন্দরের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি।

৩. আন্তর্জাতিক মানের নিরাপত্তা ব্যবস্থা (Security) নিশ্চিতকরণ ও নিরাপদতা (Safety) প্রদান।

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন ।
২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন।
৩. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন ।
৪. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন।
৫. কর্ম পরিবেশ উন্নয়ন।
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

১.৪ কার্যাবলি (Functions)

- বন্দরের দক্ষতার সাথে ব্যবস্থাপনা, রক্ষনাবেক্ষণ, অগ্রগতি ও উন্নয়ন/সম্প্রসারণ।
- বন্দর ও এর প্রবেশ পথে পর্যাপ্ত সুযোগ সুবিধাদি সৃষ্টি করা এবং বিশ্বমানের সেবার মান বজায় রাখা।
- আন্তর্জাতিক মান বজায় রেখে বন্দরে জাহাজ বার্থিং এবং কর্ণফুলী চ্যানেলে নিরাপদ নৌ-চলাচল নিয়ন্ত্রণ করা।
- বন্দর খাতের দক্ষতা বৃদ্ধি ও ক্রমবর্ধমান চাহিদা মেটাতে উচ্চতর প্রশিক্ষিত ও কর্মোৎসাহী জনশক্তি তৈরী করণ।
- বন্দরের নিরাপত্তা ও পরিবেশ সংক্রান্ত বিষয়ে আন্তর্জাতিক মান নিশ্চিত করা।
- বন্দরকে দক্ষতার সাথে পরিচালনার জন্য প্রয়োজনীয় যে কোন কার্যক্রম/পদক্ষেপ গ্রহণ।
- বন্দরের কর্মউৎসাহী জনবল তৈরির জন্য প্রশিক্ষণের আয়োজন করা।

সেকশন ২

চট্টগ্রাম বন্দরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	চূড়ান্ত ফলাফল সূচক	একক	ভিত্তিবছর ২০১৫-১৬	প্রকৃত* ২০১৬-১৭	লক্ষ্যমাত্রা ২০১৭-১৮	প্রক্ষেপন		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সমূহের নাম	উপাত্তসূত্র
						২০১৮-১৯	২০১৯-২০		
বন্দরের দক্ষতা বৃদ্ধি	কার্গো হ্যান্ডলিং উৎপাদনশীলতা (প্রতি গ্যাং/ঘন্টা)	মেঃ টন	৩৭.৮৪	৪১.৮৭**	৩৭.০০	৩৮.০০	৩৯.০০	বার্থ অপারেটর, টার্মিনাল অপারেটর	চট্টগ্রাম বন্দরের বার্ষিক প্রতিবেদন
	কন্টেইনার হ্যান্ডলিং উৎপাদনশীলতা (প্রতি ক্রেণ/ঘন্টা)	বক্স	১৫.১৪	১৫.০৫	১৫.৬	১৬.০০	১৬.০০	বার্থ অপারেটর, টার্মিনাল অপারেটর	চট্টগ্রাম বন্দরের বার্ষিক প্রতিবেদন
বন্দরের সক্ষমতা বৃদ্ধি	কন্টেইনার হ্যান্ডলিং বৃদ্ধি	TEUs (হাজারে)	২১৮৯	২৪০০	২৪০০	২৪৫০	২৫০০	বার্থ অপারেটর টার্মিনাল অপারেটর	চট্টগ্রাম বন্দরের বার্ষিক প্রতিবেদন
	কার্গো হ্যান্ডলিং বৃদ্ধি	লক্ষ মেঃ টন	৬২৮.৮০	৭২০	৭০০.০০	৭২০.০০	৭৫০.০০	বার্থ অপারেটর শিপ হ্যান্ডলিং অপারেটর	চট্টগ্রাম বন্দরের বার্ষিক প্রতিবেদন

*বিগত ৯ মাসের ভিত্তিতে গড়ে ১২ মাসের হিসাব করা হয়েছে।

** বিগত ১১ মাসের ভিত্তিতে হিসাব করা হয়েছে।

*সাময়িক